



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

6 January 2026

7:35 AM IST

=====

ৰাজ্যের বিভিন্ন অঞ্চলে চলতে থাকা উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা জানিয়েছেন। গতকাল মঙ্গলদৈ বিধানসভা কেন্দ্রে উদ্যোমিতা অভিযানের চেক বিতরণ করে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী একথা জানান। মুখ্যমন্ত্রী আরো জানান-----

বাইট

আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে ভারতীয় জনতা পার্টির প্রদেশ কমিটির পক্ষ থেকে গতকাল থেকে সমগ্র রাজ্যজুড়ে দেওয়াল লিখন কার্যসূচি শুরু হয়েছে। আসাম বিজেপি'র রাজ্য সভাপতি দিলীপ শইকিয়ার উপস্থিতিতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্ব শর্মা গতকাল খানাপাড়ার কেন্দ্রীয় বিদ্যালয়ের সামনে দেওয়াল লিখন কার্যসূচির সূচনা করেন। এই কার্যসূচিতে বিজেপির সাংসদ, মন্ত্রী, বিধায়ক, রাজ্য মোর্চার সভাপতি, জেলা পরিষদ সদস্য সহ সব কার্যকরী সদস্যরা অংশ নেন। এই দেওয়াল লিখন কার্যসূচির সূচনা করে মুখ্যমন্ত্রী বলেন যে- দেওয়ালে লেখার জন্য সেই

ঘরের মালিকের অনুমতি নেওয়া হবে । এর মাধ্যমে জনসংযোগ এবং প্রচার- উভয় কাজই সম্পন্ন হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

এদিকে ডিব্ৰুগড়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বাানন্দ সনোয়াল দলীয় কর্মকর্তাদের সঙ্গে নিয়ে দেওয়াল লিখন কার্যসূচীতে অংশ নেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল থেকে দেওয়াল লিখন কার্যসূচী শুরু হয়েছে । শিলচরে ইটখোলার জেলা বিজেপি কার্যালয়ের সামনে জেলা কমিটির সভাপতি রূপম সাহা, দলের ও বি সি মোর্চার রাজ্য সভাপতি মুন স্বর্গকার এই কার্যসূচীর সূচনা করেন ।

শ্রীভূমি জেলায় দেওয়াল লিখন কার্যসূচীর সূচনা করেন রাজ্যের পূর্ত, পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । পাথারকান্দি বিধানসভা আসনের অন্তর্গত বিজেপি'র পাথারকান্দি মণ্ডলে দলের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের নিয়ে মন্ত্রী শ্রীপাল দেওয়াল লিখন কার্যসূচী আরম্ভ করেন ।

হাইলাকান্দি জেলায়ও বিজেপি'র দেওয়াল লিখন কার্যসূচী শুরু হয়েছে । জেলা বিজেপির সভাপতি কল্যাণ গোস্বামী দেওয়াল লিখন কার্যসূচীর সূচনা করেন ।

সন্ন বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে গুয়াহাটি রাজীব ভবনে কংগ্রেস দলের তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ২০২৬ সালের নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্যে দলটি আবেদন পত্র ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করেছে ।

www.APCC.ASSAM.ORG ওয়েবসাইটের মাধ্যমে প্রায়

পাঁচশোর'ও বেশি প্রার্থীত্ব প্রত্যাশীরা আবেদন পত্র সংগ্রহ করেছেন । এরমধ্যে পাঁচজন আবেদনকারী গতকাল গুয়াহাটি রাজীব ভবনে আনুষ্ঠানিকভাবে তাদের আবেদন পেশ করেন । প্রার্থীরা আসাম প্রদেশ কংগ্রেস কমিটিকে সাহায্য হিসেবে ডিমাল্ড ড্রাফটের মাধ্যমে ৫০ হাজার টাকা করে জমা দিয়েছেন । আগামী কুড়ি জানুয়ারি পর্যন্ত আবেদন পত্র জমা দেওয়ার দিন ধার্য করা হয়েছে ।

রাজ্য সরকার আগামী ৩১ শে জানুয়ারীর মধ্যে সব ছাত্র ছাত্রীদের আপার পরিচয় পত্র পূরণের প্রক্রিয়া সম্পূর্ণ করতে জেলা শিক্ষা আধিকারিকদের নির্দেশ দিয়েছে । সমগ্র শিক্ষা আসামের মিশন সঞ্চালকের পক্ষ থেকে এ সম্পর্কে জারি করা নির্দেশ অনুসারে গত বছরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত ৭৯ শতাংশ ছাত্র ছাত্রীর আপার পরিচয়পত্র পূরণের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে ।

আধারকার্ড থাকা ১১ শতাংশ ছাত্র ছাত্রী এখনও আপার পরিচয়পত্রের জন্য আবেদন করে নি । এদিকে আধারকার্ড না থাকা ১২ শতাংশ ছাত্র ছাত্রীর আপার পরিচয়পত্রে নাম অন্তর্ভুক্ত করা প্রত্যাহ্বানস্বরূপ হয়ে পড়েছে ।

সমগ্র শিক্ষা , আসামের মিশন সঞ্চালক এসম্পর্কে শিক্ষা বিভাগের অতিরিক্ত জেলা আয়ুক্ত , সমগ্র শিক্ষা আসামের জেলা মিশন সমন্বয়ক , বিদ্যালয় পরিদর্শক এবং জেলা শিক্ষা আধিকারিককে নির্দেশ জারী করেছেন ।

উল্লেখ্য আপার পরিচয় পত্র হচ্ছে জাতীয় শিক্ষা সংস্কার পরিকাঠামো যার মাধ্যমে প্রত্যেক শিক্ষার্থীর আজীবন ডিজিটেল শিক্ষা পরিচয় সৃষ্টির লক্ষ্যে শিক্ষার্থীদের ১২ সংখ্যার একটি করে ডিজিটেল পরিচয় প্রদান করা হবে ।

কাছাড় জেলার নবনিযুক্ত আয়ুক্ত আয়ুষ গার্গ গতকাল জেলাশাসকের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে এক সৌজন্যমূলক মত বিনিময় সভার আয়োজন করেন । সভায় শ্রী গার্গ জেলার সামগ্রিক পরিস্থিতি ও জনসাধারণের সমস্যাগুলির বিষয়ে জানতে চাইলে সাংবাদিকরা শহরের যানজট , জমা জল , পার্কিং সঙ্কট , অবৈধ দখল সহ বিভিন্ন সমস্যা তুলে ধরেন । এই বিষয়গুলিকে গুরুত্ব সহকারে গ্রহণ করে জেলা আয়ুক্ত শীঘ্র সমস্যাগুলির সমাধানে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে জানান । তবে কিছু সমস্যা সমাধানে কিছুটা সময় লাগতে পারে বলে উল্লেখ করে তিনি সেক্ষেত্রে জনসাধারণের সহযোগীতা কামনা করেন ।

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী শুক্রবার পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে ঘন থেকে অতি ঘন কুয়াশার সতর্কতা জারী করা হয়েছে । কুয়াশার কারণে ভোর ও রাতের সময় দৃশ্যমানতা কমে যাওয়ারও আংশকা করা হয়েছে ।

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত অষ্টম অসম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার আজকের খেলায় জি এল এস মুখোমুখি হবে রয়্যাল এসোসিয়েশনের বিরুদ্ধে ।

প্রতিযোগীতায় গতকালের খেলায় বি সি এস দল ৮২ রানে মায়া ক্লাব-কে পরাজিত করে । টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেয় বি সি এস । প্রথমে ব্যাট করে নির্ধারিত ৩০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৩১ রান তুলে ।

জবাবে ব্যাট করতে নেমে মায়া ক্লাব ২৪ ওভার তিন বল খেলে সব কটি উইকেট হারিয়ে ১৪৯ রান তুলতে সক্ষম হয় ।
